# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

সারিইয়া আব্দুল্লাহ বিন রাওয়াহা (سرية عبد الله بن رواحة)

৭ম হিজরীর শাওয়াল মাস।[1] ৩০ জন অশ্বারোহীর এই দলটি খায়বরে প্রেরিত হয় আসীর অথবা বাশীর বিন রেযাম (أُسِير أو بَشِير بن رِزَام)-কে দমন করার জন্য। কেননা তারা মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য বনু গাত্বফানকে একত্রিত করছিল। আসীরকে বলা হয় যে, রাসূলুল্লাহ (ছাঃ) তোমাকে খায়বরের শাসনকর্তা নিযুক্ত করবেন’। তখন আসীর তার ত্রিশজন সঙ্গীসহ মুসলমানদের সাথে মদীনায় রওয়ানা হয়। কিন্তু পথিমধ্যে ভুল ধারণার বশবর্তী হয়ে উভয় পক্ষে যুদ্ধ শুরু হয় এবং আসীর ও তার ৩০ জন সাথীর সকলে নিহত হয়।[2]

ফুটনোট

[1]. মানছূরপুরী এটি ৬ষ্ঠ হিজরীর শাওয়াল মাস বলেছেন (রহমাতুল্লিল ‘আলামীন ২/১৯৫)।

[2]. যাদুল মা‘আদ ৩/৩১৬; ইবনু সা‘দ ২/৭০-৭১; আর-রাহীক্ব ৩৮৩ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5566

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন